দৈনিক ইনকিলাব

356

তারিখ FEB 8 1999
পৃষ্ঠা ৬ কলাম ২

# ২৭ ফেব্রুয়ারী ঢাকা ভার্সিটির ইংরেজী বিভাগের শিক্ষা সমাপনী অনুষ্ঠান

প্রেস বিজ্ঞপ্তি ঃ আগামী ২৭ ফেব্রুয়ারী ঢাকা বিশ্ববিদ্যালয় ইংরেজী বিভাগের ১৯৯৩, ১৯৯৪, ১৯৯৫ ও ১৯৯৬-এর অনার্স ব্যাচের শিক্ষা সমাপনী অনুষ্ঠিত হবে। বিশ্ববিদ্যালয়ের ভিসি অনুষ্ঠানের প্রধান অতিথি থাকবেন। এতে যোগদানেচ্ছুক শিক্ষার্থীদের অবশ্যই বিভাগীয় অফিসে ২শ' টাকা জমা দিতে হবে। এছাড়াও তাদেরকে সৈয়দ আনোয়ারুল হকের কাছে তার কার্যালয়ে অবশ্যই সার্টিফিকেট জমা দিতে হবে। আগামী ২০ ফেব্রুয়ারীর মধ্যে প্রতি সোমবার ও মঙ্গলবার বেলা ১০টা থেকে দুপুর ১২টা পর্যন্ত সংশ্লিষ্টদের সার্টিফিকেট জমা নেয়া হবে। কারো সার্টিফিকেট লেমিনেটেড থাকলে তাদেরকে অফসেট পেপারে সার্টিফিকেটের ফটোকপি জমা দিতে হবে। সমাপনী অনুষ্ঠানে প্রত্যেক ছাত্র-ছাত্রী অতিথি হিসেবে বিবেচিত হবেন।